

রাজউক উত্তরা কলেজে শতভাগ পাস, ৯৭% জিপিএ ৫

নিজস্ব
প্রতিবেদক

১৩ মে, ২০২৪
০৪:৩৩

শেয়ার

অ +

অ -



ভালো ফল করায় উচ্ছ্বসিত রাজধানীর রাজউক উত্তরা মডেল কলেজের শিক্ষার্থীরা। ছবি : কালের কণ্ঠ

বিগত বছরগুলোর ধারাবাহিকতায় চলতি বছরও মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় শতভাগ পাস

করেছে ঢাকার রাজউক উত্তরা মডেল কলেজের শিক্ষার্থীরা। আর বেড়েছে জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা। এ নিয়ে

উচ্ছ্বসিত শিক্ষার্থীরা।

শিক্ষাপ্রতিষ্ঠানটি থেকে ২০২৪ সালে এসএসসি পরীক্ষা দিয়েছে ৭৮০ জন শিক্ষার্থী।

এর মধ্যে জিপিএ ৫ পেয়েছে ৭৫৮ জন। জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থীর হার ৯৭.১৮ শতাংশ, যা গত বছর ছিল ৯৪ শতাংশ।

প্রতিষ্ঠানটির অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল এ এস এম বাহাউদ্দিন বলেন, শিক্ষকদের আন্তরিকতা এবং শিক্ষার্থীদের আপ্রাণ প্রচেষ্টায় এই সাফল্য অর্জিত হয়েছে। সন্তানদের পেছনে কঠোর শ্রম দেওয়ায় তিনি অভিভাবকদেরও ধন্যবাদ জানান।

একই সঙ্গে পরবর্তী বছর যারা এসএসসি পরীক্ষা দেবে, তাদের আরো ভালো করার পরামর্শ দেন।

গতকাল রবিবার সরেজমিনে গিয়ে দেখা যায়, ফল পেতে সকাল থেকেই বিদ্যালয়ে উপস্থিত অসংখ্য শিক্ষার্থী। ফল প্রকাশের পর শিক্ষার্থীর সমাগম বাড়তে থাকে। নোটিশ বোর্ডে টানানো ফল দেখেই উল্লাসে মেতে ওঠে শিক্ষার্থীরা।

কেউ সহপাঠীদের সঙ্গে কোলাকুলি করে, কেউ আবার কাঁধে তুলে নেয়। ঢোলের তালে নেচে নেচে উচ্ছ্বাস প্রকাশ করে অনেকে। নিজেদের মধ্যে আনন্দ ভাগাভাগি করেছেন শিক্ষার্থীদের অভিভাবকরাও।

বিজ্ঞানবিভাগ থেকে জিপিএ ৫ পেয়েছে সামিয়া জাহান। সে কালের কণ্ঠকে বলে, ‘ওয়েবসাইটে ও মোবাইল ফোনে মেসেজ দিয়েও ফল জানা যায়।